কেন্দুয়া স্বাস্থ্য কমপ্লেক্স

শয্যা ৫০ ডাক্তার ৩ জনসংখ্যা ৪ লাখ

কেন্দুয়া (নেত্রকোনা) উপজেলা সংবাদদাতা

৫০ শয্যা কেন্দুয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স। চার লাখ মানুষের জন্য মাত্র ডাক্তার মাত্র ৩ জন। এছাড়াও বহুবিধ সমস্যা নিয়ে দীর্ঘদিন ধরে খুড়িয়ে খুড়িয়ে চলছে স্বাস্থ্য কমপ্লেক্স। এ নিয়ে সেবা নিতে আশা রোগীদের অভিযোগের শেষ নেই। হাসপাতালে নার্স থাকলে মেডিকেল অফিসার থাকেন না। এক্সরে মেশিন সচল থাকলে অ্যাম্বুলেন্স অচল থাকে। গত আওয়ামী লীগ সরকারের সময় বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা কেন্দুয়ায় এক সমাবেশে জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে ৩১ শয্যাবিশিষ্ট হাসপাতালটি ৫০ শয্যায় উন্নীত করার ঘোষণা দিয়েছিলেন ১৯৯৯ সালে। সে মোতাবেক ৫০ শয্যায় উন্নীত হাসপাতালের উদ্বোধন করেন গত জোট সরকারের শেষ সময়ে স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী। এ কমপ্লেক্সে প্রায় ২০ লাখ টাকার আধুনিক যন্ত্রপাতি রয়েছে। ব্যবহারের কোন জনবল না থাকায় স্টোরেই তালাবদ্ধ অবস্থায় পড়ে আছে এসব যন্ত্রপাতি। আধুনিক যন্ত্রপাতির মধ্যে রয়েছে ফটোথেরাপি মেশিন, বেবী ইনকিউবিটার, ইনকিউবিটার, হাইসেন্টিফিডম মেশিন, হট ইয়ারওভেন, ওয়াটার বাট, ব্লাড ব্যাংক রিফ্রেজারেটর, রিফ্রেজারেটরসহ সিজারের কয়েক লাখ টাকা মূল্যের আধুনিক যন্ত্রপাতি নষ্ট হচ্ছে।

জানা যায়, ৫০ শয্যা হাসপাতালের ২০ জন মেডিকেল অফিসার থাকার কথা। কিন্তু বর্তমানে আছে মাত্র ৩ জন। তাদের মধ্যে উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা হজ শেষে দেশে এলেও হাসপাতালে কাজকর্ম এখনও শুরু করেননি বলে জানা যায়। হাসপাতালে কর্মরত বাকি ২ জন চিকিৎসক দিয়ে তো ৩১ শয্যা হাসপাতালও চলে না। এদিকে গোটা স্বাস্থ্য বিভাগে মেডিকেল অফিসার, নার্স, স্বাস্থ্য পরিদর্শক, স্বাস্থ্য সহকারী, স্টোর কিপারসহ ৯০টি গুরুত্বপূর্ণ পদ দীর্ঘদিন ধরে শূন্য থাকায় গোটা স্বাস্থ্য বিভাগ স্থবির হয়ে পড়েছে। পদগুলো পূরণের ক্ষেত্রে কোন উদ্যোগ না থাকায় এ উপজেলার প্রায় ৪ লাখ জনগোষ্ঠী সুষ্ঠু চিকিৎসাসেবা থেকে বঞ্চিত হচ্ছেন। মুখ থুবড়ে পড়েছে চিকিৎসাসেবা।

দামুড়হুদায় গ্রেফতার ৩

দামুড়হুদা (চুয়াডাঙ্গা) উপজেলা সংবাদদাতা

চুয়াডাঙ্গা দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজার থেকে গত রোববার ভোরে দামুড়হুদা থানা পুলিশ অপহরণ ও মুক্তিপণ আদায় চক্রের ৩ সদস্যকে গ্রেফতার করেছে। পুলিশ জানায়, রোববার ভোর ৪টার দিকে পুলিশ অভিযান চালিয়ে কার্পাসডাঙ্গা বাজার থেকে অপহরণ ও মুক্তিপণ আদায় চক্রের সদস্য একই উপজেলার কার্পাসডাঙ্গা গ্রামের তেতুল মন্ডলের ছেলে লিটন (২৬), আলী আহম্মদের ছেলে আশরাফুল হক (২৫), ইলিয়াসের ছেলে আলামিন (৩৫)সহ ৩ জনকে গ্রেফতার করেছে। পুলিশ আরো জানায়, গ্রেফতারকৃত ৩ জনই দামুড়হুদার আরামডাঙ্গা গ্রামের পিতা ও মেয়েকে অপহরণ ও মুক্তিপণ আদায় মামলার আসামী।

নালিতাবাড়ীতে সার আটক

শেরপুর জেলা সংবাদদাতা

শেরপুরের নালিতাবাড়ী উপজেলার সার চোরকারবারীর মাধ্যমে পাচারকালে নকলা-নালিতাবাড়ী সীমান্তের তালতলা এলাকা থেকে স্থানীয় কৃষকদের সহায়তায় পুলিশ গত রোববার দুপুরে ৬০ বস্তা ইউরিয়া সার আটক করেছে। নালিতাবাড়ী থানার ওসি আব্দুল গণি খন্দকার বলেন, একটি ট্রলিভর্তি করে নালিতাবাড়ী বাজারের

সার ব্যবসায়ী একতা এন্টারপ্রাইজ থেকে চোরাকারবারীর মাধ্যমে ৬০ বস্তা ইউরিয়া সার নকলা উপজেলার ধনাকুশা বাজারের রফিকুল ইসলামের দোকানে নিয়ে যাওয়া হচ্ছিল। স্থানীয় জনতা উল্টো পথে ট্রলি বোঝাই সার যেতে দেখে আটক করে পুলিশে খবর দিলে পুলিশ গিয়ে সারগুলো আটক করে নিয়ে আসে। এ ঘটনায় পুলিশ বাদী হয়ে বিশেষ ক্ষমতা আইনে একটি মামলা রেকর্ড করেছে এবং জিজ্ঞাসাবাদের জন্য ট্রলি চালককে আটক করেছে।

সিলেটে সংঘর্ষে আহত ১০

সিলেট অফিস

সিলেটে আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে ছাত্রলীগের দু'গ্রুপে'র সংঘর্ষে ১০ জন আহত হয়েছেন। গত শনিবার রাত ৯টায় সিলেট মহানগরীর তেলিহাওর এলাকায় এ ঘটনা ঘটে। পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা যায়, সিলেট মহানগরীর তেলিহাওরস্থ হোটেল আল-মনসুর এলাকার নিয়ন্ত্রণ ও আধিপত্য নিয়ে কয়েক দিন ধরে আওয়ামী লীগ নেতা নাসির উদ্দিন খান ও সিটি কর্পোরেশনের কাউন্সিলর আবদুর রকিব বাবলুর কর্মীদের মধ্যে উত্তেজনা চলছিল। গত শনিবার রাত ৯টায় নাসির গ্রুপের ফরহাদ হোসেন খান ও বাবলু গ্রুপের তজম্মুল হক তাজুলের মধ্যে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে উভয় গ্রুপের কর্মীরা সংঘর্ষে জড়িয়ে পড়ে। এতে আহত হন অন্তত ১০ জন। এসময় দু'টি মোটর সাইকেলও পুড়ানো হয়।

ইবিতে সাংবাদিক সম্মেলন

ইবি রিপোর্টার

ইসলামী বিশ্ববিদ্যারয়ের ছাত্রলীগের সম্মেলন গত ৪ ফেব্রুয়ারী অনুষ্ঠিত হলেও কমিটি ঘোষিত না হওয়ায় ক্যাম্পাসে ছাত্রলীগের নেতা-কর্মীদের মাঝে চাপা ক্ষোভ ও হতাশা বিরাজ করছে। কমিটিতে স্থান পেতে বিভিন্ন গ্রুপ দৌড়ঝাঁপ চালিয়ে যাচ্ছেন। সম্ভাব্য কমিটিতে কারা আসছেন এ নিয়ে ক্যাম্পাসে হিসাব-নিকাশ চলছে। কমিটিতে যাতে মেধাবী ও নিবেদিত ছাত্ররা আসে এবং কোন অনিয়মিত ছাত্র না আসে এরই দাবীতে গত রোববার সচেতন ছাত্রলীগের ব্যানারে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। সম্মেলনে উপস্থিত থেকে বিভিন্ন প্রশ্নের জবাব দেন ছাত্রলীগের মোহাম্মদ আলী শিমূল, মুকুট, মিরাজ, রাশেদ, টগর প্রমুখ।

বাঁশখালীতে মহিলাসহ আহত ১২

বাঁশখালী (চট্টগ্রাম) উপজেলা সংবাদদাতা

বাঁশখালীতে জায়গা-জমির বিরোধ ও বোরো রোপণ নিয়ে সংঘর্ষে মহিলাসহ ১২ জন আহত হয়েছে। আহতদের বাঁশখালী হাসপাতালে ভর্তি করা হয়েছে। গত রোববার উপজেলার শীলকূপ ইউপির বারালিয়াপাড়ায় এই ঘটনা ঘটে। সংঘর্ষের ঘটনায় পুলিশ উভয় পক্ষের ৬ ব্যক্তিকে আটক করলেও স্থানীয় ইউপি সদস্য ও গণ্যমান্য লোকজনের জিম্মায় তাদের ছেড়ে দেয়া হয়েছে।

জুতার ভেতর ইয়াবা

চট্টগ্রাম ব্যুরো

এক বাস যাত্রীর জুতার হিলের ভেতরে বিশেষভাবে লুকানো ১২শ' ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে এলিট বাহিনী র‌্যাব। মাদক পাচারের অভিযোগে রেহানা বেগম (২৫) ও তার সহযোগী আবদুল করিম (৫০) এবং মোহাম্মদ ইসমাইল (৩২)কে গ্রেফতার করা হয়েছে। গোপন সংবাদের ভিত্তিতে নগরীর চান্দগাঁও থানাধীন কালুরঘাট রেল সেতুর পশ্চিম পাশে কক্সবাজার থেকে ঢাকাগামী শ্যামলী পরিবহনের যাত্রীবাহী বাস থেকে

শনিবার রাত দেড়টায় তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতদের বাড়ী কক্সবাজার জেলার সীমান্ত উপজেলার টেকনাফের বিভিন্ন গ্রামে। একজোড়া হাই হিল জুতার উপরের অংশ তুলে ভেতরে পলিথিন মুড়িয়ে ইয়াবা ট্যাবলেট লুকিয়ে রাখা হয়। এরপর সুপার গ্লু দিয়ে আবার তা জোড়া লাগিয়ে দেয়া হয়। গ্রেফতারকৃত রেহানা বেগম জানান, তার দুই সহযোগী ওই বিশেষ জুতা তাকে পরতে বলে। কক্সবাজার থেকে ঢাকায় জুতা পৌঁছে দেয়া বাবদ তাকে ২ হাজার টাকা দেয়ার কথা ছিল। কিন্তু তার আগেই র‌্যাবের আগে তারা ধরা পড়ে। র‌্যাব জানায়, এ চক্রটি দীর্ঘদিন থেকে টেকনাফের সীমান্ত পথে আসা ইয়াবা ট্যাবলেট রাজধানী ঢাকার বিভিন্ন হোটেলে সরবরাহ করে আসছে। এ খবর পেয়ে চক্রটির বিরুদ্ধে গোয়েন্দা নজরদারী শুরু হয়। কক্সবাজার থেকে তারা বাসে উঠতেই খবর পায় র‌্যাব। তথ্যমতে ওই মহিলাকে পাকড়াও করে তার জুতা খুলে নেয় র‌্যাব সদস্যরা। তার নিজের জুতা পাওয়া যায় ব্যাগে। রেহানা বেগম জানায়, এর আগে সে কখনও এমন কাজ করেনি।

কলাপাড়া-কুয়াকাটা বিকল্প সড়কে অনন্তপাড়া পয়েন্টে ব্রিজ নির্মাণ নিয়ে সংশয়

কলাপাড়া (পটুয়াখালী) উপজেলা সংবাদদাতা

কলাপাড়া-কুয়াকাটা বিকল্প সড়কের অনন্তপাড়া লোহার ব্রিজটি নদীতে ধসে পড়ার পর দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও এখন পর্যন্ত নতুন ব্রিজ নির্মিত না হওয়ায় স্থানীয় জনসাধারণসহ কুয়াকাটায় আগত দর্শনার্থীরা প্রতিদিন দুর্ভোগের শিকার হচ্ছেন। ব্রিজটি ধসে পড়ার পর ডানিডার অর্থায়নে এলজিইডির বাস্তবায়নে প্রায় সাড়ে তিন কোটি টাকার প্রকল্পের এ কাজ নিয়ে নানা বিতর্ক এবং চাঁদাবাজির মামলা শেষে ব্রিজের কাজ শুরু হওয়ার কয়েক মাসের মধ্যেই আকস্মিক বন্ধ হয়ে যাওয়ায় প্রকল্পের কাজ আদৌ শেষ হওয়া নিয়ে নানা প্রশ্ন ও সংশয় দেখা দিয়েছে। নির্ভরযোগ্য সূত্রে জানা যায়, হালকা যানবাহন চলাচল উপযোগী কলাপাড়া-কুয়াকাটা বিকল্প সড়কের অনন্তপাড়া পয়েন্টের লোহার ব্রিজটি নদীতে ধসে পড়ার পর ডানিডার অর্থায়নে প্রায় সাড়ে তিন কোটি টাকার উন্নয়ন কাজের দরপত্র আহবানে মেসার্স কাদের খান এন্টারপ্রাইজ ঠিকাদার হিসেবে নিযুক্তি পায়। কাজ শুরুর ক'মাসের মধ্যেই প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী চাঁদা দাবীর অভিযোগে একটি মামলা দায়ের করেন। অতঃপর রহস্যজনকভাবে মামলাটি আপস-ফয়সালায় রূপ নেয়। এরপর থেকে ওই কাজ নিয়ে নানা সংশয়ে অবশেষে কাজটি আকস্মিক বন্ধ হয়ে যায়। এতে স্থানীয় জনসাধারণসহ কুয়াকাটায় আগত দর্শনার্থীরা প্রতিদিন দুর্ভোগের শিকার হচ্ছেন এবং ওই নদীতে প্রভাবশালী এক কর্তৃক খেয়া পরিচালিত হওয়ায় কাজ আদৌ শেষ হওয়া নিয়ে সংশয়সহ নানা বিতর্কের সৃষ্টি হয়েছে।

কলাপাড়া এলজিইডি অফিস সূত্রে জানা যায়, ডানিডার-ট্রাইঅডিউ প্রকল্পের অর্থায়নে ৩,২৯,৩১,৪৬৫ টাকার অনন্তপাড়া ব্রিজের কাজ ২০০৮ সালের ৮ মে তারিখ শুরু এবং ২০০৯ সালের ১৮ মার্চ তারিখে সম্পন্ন হওয়ার নির্দেশনা থাকলেও শতকরা ত্রিশভাগ কাজও সম্পন্ন হয়নি। ঠিকাদারী প্রতিষ্ঠানটিকে ইতোমধ্যেই ছয়টি নোটিশ প্রদান করা হয়েছে বলে সূত্রটি জানায়। মোঃ রফিকুল ইসলাম, উপজেলা প্রকৌশলী (এলজিইডি), কলাপাড়া বলেন, ঠিকাদারী প্রতিষ্ঠানটিকে নির্বাহী প্রকৌশলী, পটুয়াখালী গত ২৬ জানুয়ারি তারিখে স্মারক ২০১০/২৯০-এ কালো তালিকাভুক্তির চূড়ান্ত নোটিশ প্রদান করেছেন। অচিরেই এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে বলে তিনি জানান।

ফেনীতে ফল ব্যবসায়ীর ১৬ লাখ টাকা ছিনতাইয়ের সময় গুলীতে শিশুসহ আহত ২

ফেনী আঞ্চলিক অফিস

ফেনী শহরের এমএসকে রোডে গত রোববার দুপুরে ফল ব্যবসায়ীর কাছ থেকে ১৬ লাখ টাকা ছিনতাইকালে

গুলীবিদ্ধ হয়ে আহত হয় পথচারী ৩ বছরের শিশুসহ দু'জন। আহত শিশুকে ফেনী হাসপাতালে ভর্তি করা হয়েছে। তার অবস্থা আশঙ্কাজনক। পুলিশ ও স্থানীয়দের সূত্রে জানা যায় যে, চট্টগ্রামের ফলের আড়ৎ পলি এন্টারপ্রাইজের কর্মচারী নুরুল ইসলাম মহিপালে ফল ব্যবসায়ীদের কাছ থেকে বকেয়া বাবদ প্রায় ১৬ লাখ টাকা আদায় করে ন্যাশনাল ব্যাংক ফেনী শাখায় জমা দেয়ার জন্য যাওয়ার পথে এসএসকে সড়কের মেরিস্ট্রোপ ক্লিনিকের কাছে রিকশা আটকিয়ে অস্ত্রধারী দুই ছিনতাইকারী। নুরুল ইসলামের হাতে রাখা টাকা ভর্তি ব্যাগ নিয়ে টানাটানি শুরু করে ছিনতাইকারীদ্বয়। ঐ সময় রিকশা থেকে লাফিয়ে পড়ে নুরুল ইসলাম দৌড়াতে থাকলে পিছন দিক থেকে ছিনতাইকারীরা তাকে লক্ষ্য করে এলোপাতাড়ী গুলীবর্ষণ শুরু করে। এতে নুরুল ইসলাম ও মায়ের কোলে তরিকুল গাজী নামে ৩ বছরের শিশু গুলীবিদ্ধ হয়ে মারাত্মকভাবে আহত হয়। তরিকুল জামালপুর জেলার রিপনগাজীর ছেলে। তারা কাজের সন্ধানে দেশের বাড়ী থেকে ফেনী আসছিল। রাস্তার পাশ দিয়ে হেঁটে আসার সময় মায়ের কোলেই গুলীবিদ্ধ হয় তরিকুল। তাদেরকে ফেনী হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের অবস্থা সঙ্কটাপন্ন বলে জানা গেছে। পুলিশ এ পর্যন্ত কাউকে গ্রেফতার করতে সক্ষম হয়নি। উল্লেখ্য, শহরের ব্যস্ততম এসএসকে সড়কে জননিরাপত্তা নিশ্চিত করার জন্য এ সড়কে একটি পুলিশ ফাঁড়ি স্থাপন করা হয়েছে।

নিজ প্রতিষ্ঠানে আগুন

নীলফামারী জেলা সংবাদদাতা

জমিসংক্রান্ত বিরোধে নিজ ব্যবসা প্রতিষ্ঠানে অগ্নিসংযোগ করে প্রতিপক্ষকে ঘায়েল করার অভিযোগ পাওয়া গেছে। এ ব্যাপারে সদর থানায় একটি ঘর জ্বালানোর অভিযোগ দাখিল করা হয়েছে। জানা গেছে, নীলফামারী পৌরসভার হাড়োয়া মিশন এলাকার মরহুম মজেতুল্লাহ্'র ছেলে ইনসান আলী ও আব্দুর ছাত্তার মাস্টারের পিতা ৪ বিঘা ১০ শতক জমি রেখে মারা যান। এর মধ্যে আব্দুর ছাত্তার মাস্টার তার অংশের ২ বিঘা জমি ইসরাফিল ও ইউনুচ আলীর কাছে বিক্রি করে দেন। অবশিষ্ট ৫ শতক জমির সাইড নিয়ে দীর্ঘদিন ধরে বিরোধ চলে বড় ভাই ইনসান আলীর সাথে। এর জের ধরে আব্দুর ছাত্তার মাস্টারের ছেলে রবিউল ইসলাম গত শুক্রবার রাতে নিজ ব্যবসা প্রতিষ্ঠানে অগ্নিসংযোগ করে প্রতিপক্ষ চাচা ইউনুচ আলীকে ঘায়েল করতে তার ছেলে বাবুল হোসেনের বিরুদ্ধে সদর থানায় ঘর জ্বালানোর অভিযোগ করে। এ সম্পর্কে রবিউলের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, এলাকাবাসী চাচা ইউনুচ আলীর পক্ষ নিয়ে এ অভিযোগ তুলেছে।

বিয়েপাগল ইব্রাহিম গণধোলাইয়ের শিকার

ঠাকুরগাঁও জেলা সংবাদদাতা

ঠাকুরগাঁওয়ে বিয়েপাগল ইব্রাহিম ৪র্থ বিয়ে করতে এসে জনতার হাতে গণধোলাই খেল। শুধু তাই নয় গণধোলাইয়ের হাত থেকে রক্ষা পায়নি ইব্রাহিমের আত্মীয়-স্বজন। আত্মীয়-স্বজনরা পালিয়ে বাঁচলেও ৭ হাজার টাকা জরিমানা দিয়ে রেহাই পেল ইব্রাহিম। এ ঘটনাটি এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি করেছে। প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, গত শুক্রবার বিকেলে বরুগাঁও গ্রামের আব্দুল কাদেরর ছেলে ইব্রাহিম বিয়ে করতে আসে শহরের ইসলামবাগ এলাকার ফজর আলীর স্কুলপড়ুয়া মেয়েকে। বিয়ের বয়স না হওয়ায় স্থানীয় পৌর কাউন্সিলর মতিউর রহমান যান সেখানে। আস্তে আস্তে ফাঁস হতে থাকে ঘটনা। তিনি জানতে পারেন ইব্রাহিম এর আগে ৩ বিয়ে করেছে। এ ঘটনা মেয়ের আত্মীয়-স্বজনসহ এলাকাবাসী জানতে পেরে গণধোলাই দেয় ইব্রাহিমসহ তার আত্মীয়-স্বজনকে। পালিয়ে যায় সবাই। কিন্তু পালাতে পারেনি ইব্রাহিম। স্থানীয় মরুব্বীদের মধ্যস্থতায় ৭ হাজার টাকার মুচলেকা দিয়ে রেহাই পায় ইব্রাহিম। ইব্রাহিম জানায়, আগের ৩ স্ত্রী তার মা ও বোনের অত্যাচারে চলে গেছে। সর্বশেষ স্ত্রী চলে গেছে দুগ্ধপোষ্য সন্তান রেখে। তাই ৪র্থ বিয়ের উদ্যোগ নেয় সে। পৌর কাউন্সিলর মতিউর রহমান জানান, বিয়ের খবর শুনে গণ্যমান্য ব্যক্তিদের সহযোগিতায় বিয়ে ঠেকানো হয়েছে।

পীরগঞ্জে ১ লাখ টাকার মাছ নিধন

পীরগঞ্জ (রংপুর) উপজেলা সংবাদদাতা

উপজেলার কাবিলপুর ইউনিয়নের বিষ্ণুপুরে এক একর জমির একটি পুকুরে কীটনাশক প্রয়োগে লক্ষাধিক টাকা মূল্যের মাছ নিধন করা হয়েছে। জানা গেছে, দীর্ঘ দিন ধরে উক্ত গ্রামের সাখাওয়াত হোসেনের ছেলে আনারুল ইসলাম পুকুর লিজ নিয়ে মাছের চাষ করে। অভিযোগ রয়েছে, পূর্বশত্রুতার জের ধরে বিষ্ণুপুর গ্রামের লিটন বিপুল ও বিধানের নেতৃত্বে ১০-১২ জন যুবক গত শনিবার গভীর রাতে ঐ পুকুরে সন্তর্পণে কীটনাশক প্রয়োগ করে। ফলে পুকুরের লক্ষাধিক টাকা মূল্যের বেরিকেড, সিলভার কার্প, কাতলা, কারফু, মৃগেল গ্লাসকার্প, সরপুঁটি মারা যায়। সাখাওয়াত হোসেন জানান, গত ৫ বছর ধরে উক্ত পুকুরে মাছের চাষ করা হচ্ছিল। যে কারণে অনেক মাছ ইতোমধ্যে ২/৩ কেজি ওজন পর্যন্ত হয়েছিল। তার চাষকৃত মাছগুলো কীটনাশক প্রয়োগে নিধন করায় তিনি পথে বসার উপক্রম হয়েছেন। এ ব্যাপারে থানায় মামলা হয়েছে।

সীতাকুণ্ডে দুই ব্রিক ফিল্ডের বিরুদ্ধে মামলা

সীতাকুণ্ড (চট্টগ্রাম) উপজেলা সংবাদদাতা

সীতাকুণ্ডে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র না নিয়ে অবৈধভাবে গড়ে তোলা দুই ব্রিক ফিল্ডের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। গত রোববার পরিবেশ অধিদপ্তরের পরিদর্শক সাইফুল আশরাফ বাদী হয়ে মামলাটি দায়ের করেন। মামলার এজাহার সূত্রে জানা যায়, সীতাকুণ্ডের সলিমপুর ইউনিয়নের লতিফপুর এলাকার পাহাড়ী এলাকায় দু'টি ব্রিক ফিল্ড গড়ে উঠেছে। চট্টগ্রাম আগ্রাবাদ মুহুরীপাড়া এলাকার মরহুম রাজা মিয়ার ছেলে মোঃ জাহাঙ্গীর আলমের মালিকানাধীন মেসার্স এআরসি ব্রিকস এবং বন্দরটিলার মরহুম ওমর আলীর ছেলে মোঃ আকতার কামালের মালিকানাধীন কেএমএল নামক দুই ব্রিক ফিল্ড কোনরকম ছাড়পত্র ছাড়াই গড়ে তোলা হয়েছে এবং এ ব্রিক ফিল্ড দু'টিতে পরিবেশের ক্ষতি করে পাহাড়ের মাটি কাটা চলছে। তাছাড়া পাহাড়ের গোড়ায় এভাবে ব্রিক ফিল্ড গড়ে তোলার কারণে পাহাড়ী গাছপালারও ক্ষতি হতে পারে বলে বলা হয়েছে।

চান্দিনায় অসম্পূর্ণ মাথা নিয়ে শিশুর জন্ম

চান্দিনা (কুমিল্লা) উপজেলা সংবাদদাতা

কুমিল্লার চান্দিনায় এক দিনমজুর পরিবারের ঘরে অসম্পূর্ণ মাথা নিয়ে এক ছেলে শিশু গত রোববার দুপুর ১টায় জন্ম নিয়েছে। শিশুটি জন্মের পর থেকে উৎসুক জনতা দিনমজুরের বাড়িতে ভিড় জমান। জানা যায়, চান্দিনা উপজেলার ছয়ঘড়িয়া গ্রামের শ্রমিক শাহ আলম বিয়ে করেন ৯ বছর আগে। গত রোবিবার শাহ আলমের স্ত্রী জরিনা খাতুন ৩য় বাচ্চা প্রসব করেন। ছেলে শিশুটি জন্মের পর দেখা যায় শিশুর মাথাটি অসম্পূর্ণ রয়েছে। শিশুটির মুখে ২টি বড় দাঁতও রয়েছে। পরে এই খবরটি এলাকায় জানাজানি হলে জনতা শিশুটিকে দেখতে ভিড় করে শ্রমিক শাহ আলমের বাড়িতে।

সরেজমিনে গিয়ে দেখা যায়, বাচ্চাটির দেহটি স্বাভাবিক থাকলেও মাথার অংশের দিকে তাকালে বুঝা যায় শিশুটির মাথার উপরিভাগে গোলাকৃতির একটি মাংসপিণ্ড রয়েছে। পরিবারের সদস্যরা জানান, শিশুটি ও শিশুটির জন্মদানকারী জরিনা বেগম সুস্থ আছেন।

নবীগঞ্জে শিক্ষিকা আহত

নবীগঞ্জ (হবিগঞ্জ) উপজেলা সংবাদদাতা

নবীগঞ্জ শহরতলীর শিবপাশায় এক সন্ত্রাসীর ধারালো অস্ত্রের আঘাতে স্কুল শিক্ষিকা জলি রানী ঘোষ (৩৫) গুরুতর আহত হয়েছেন। তাকে আশংকাজনক অবস্থায় সিলেট ওসমানী মেডিক্যাল কলেজ হাসপাতালে

পাঠানো হয়েছে। গত শনিবার সন্ধ্যায় নবীগঞ্জ পৌর এলাকায় শিবপাশায় স্বপন কুমার ঘোষের স্ত্রী চরগাঁও শেখ আমিনা বিবি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষিকা জলি রাণী ঘোষ (৩৫)কে কুষ্টিয়ার খোকশা উপজেলার আব্দুর রব (৩০) নামের এক ভ্রাম্যমাণ ব্যবসায়ী ধারালো অস্ত্র দিয়ে আঘাত করে পালিয়ে যায়। জানা গেছে, জলির স্বামী স্বপন ঘোষ ও আব্দুর রবের মধ্যে ব্যবসায়ীক লেনদেন ছিল। আব্দুর রব স্বপন ঘোষের বাসায় গিয়ে স্বপনের খোঁজ করে।

উৎপাদিত কাগজ বিক্রি না হওয়ায় কর্ণফুলী পেপার মিল দেড় মাস ধরে বন্ধ

রাঙ্গুনিয়া (চট্টগ্রাম) উপজেলা সংবাদদাতা

কর্তৃপক্ষের চরম অবহেলা অনিয়ম-দুর্নীতি ও দায়িত্বহীনতার কারণে ঐতিহ্যবাহী চন্দ্রঘোনাস্থ কর্ণফুলী পেপার মিলে প্রায় দেড়মাস ধরে কাগজ উৎপাদন বন্ধ থাকায় এ উপজেলার বিভিন্ন ইউনিয়নের মিলে কর্মরত প্রায় ১ হাজার শ্রমিক-কর্মচারী চাকরি হারিয়ে বেকার হওয়ার ভয়ে আতঙ্কিত জীবনযাপন করছে। অনুসন্ধানে জানা যায়, কর্ণফুলী পেপার মিলের উৎপাদিত কাগজের শতকরা ৮০ ভাগ সরবরাহ করা হয় সরকারী নিয়ন্ত্রণাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে। এর মধ্যে জাতীয় শিক্ষা পাঠ কার্যক্রমসহ ৬টি শিক্ষা বোর্ডের প্রয়োজনীয় চাহিদার কাগজ কে.পি. এম থেকে সংগৃহীত হয়ে থাকে। এই লক্ষ্যে চন্দ্রঘোনাস্থ কে. পি. এম কর্তৃপক্ষ জাতীয় শিক্ষা প্রণয়ন ও পাঠ কার্যক্রমের আওতায় অতীতের ন্যায় চলতি অর্থবছরের চাহিদাপত্রের আলোকে কাগজ উৎপাদন করে। কিন্তু কর্তৃপক্ষের চরম অবহেলা, অনিয়ম, দুর্নীতি ও দায়িত্বহীনতার কারণে সঠিকভাবে যোগাযোগ না থাকায় ও মিলের উৎপাদিত কাগজ মানসম্মত না হওয়ার অজুহাতে কে. পি.এম-এর উৎপাদিত কাগজ সরবরাহ ও সংগ্রহ না করায় প্রায় ৩ হাজার মেট্রিক টন কাগজ অবিক্রিত অবস্থায় গুদামে পড়ে রয়েছে। যার বাজারমূল্য প্রায় ২০ কোটি টাকার সমপরিমাণ হওয়ায় আর্থিকভাবে মিলটি ধসে পড়েছে। বর্তমানে মিলটি আর্থিকভাবে বিপর্যস্ত হয়ে পড়ায় প্রয়োজনীয় অর্থের অভাবে মিলটির পরিচালনা ও উৎপাদনের স্বাভাবিক অবস্থা বজায় রাখা সম্ভব হচ্ছে না। ফলে কর্তৃপক্ষ প্রায় দেড়মাস ধরে কাগজ উৎপাদন থেকে বিরত রয়েছে। মিলের কাগজ উৎপাদন প্রক্রিয়া বন্ধ হলেও কর্মরত প্রায় ২ হাজার কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক এবং প্রায় ১ হাজার ২ শত অস্থায়ী শ্রমিক-কর্মচারীর নিয়মিত বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধাদি পরিশোধ করতে হচ্ছে। অন্যদিকে আর্থিক কারণে মিলটি পুনরায় চালু করার সম্ভাবনা ক্ষীণ হয়ে পড়েছে। এমতাবস্থায় মিলটি লোকসানের ভারে নুয়ে পড়ছে। আগামী কয়েক দিনের মধ্যে অস্থায়ী শ্রমিক-কর্মচারীর বেতন ও অন্যান্য সুযোগ-সুবিধাদি বন্ধ করে দেয়ার আশঙ্কা করছে সংশ্লিষ্ট শ্রমিকরা।

ঝিনাইদহে প্রতিবন্ধী কিশোরী ও মহিলাকে ধর্ষণ ॥ মামলা দায়ের

ঝিনাইদহ জেলা সংবাদদাতা

ঝিনাইদহে এক প্রতিবন্ধী কিশোরী ও স্বামী পরিত্যক্তা মহিলা ধর্ষণের শিকার হয়েছে। ধর্ষিতরা হলো- জেলার শৈলকুপা উপজেলার বিত্তিদেবী রাজনগর গ্রামের আতিয়ার রহমানের মেয়ে (১৫) ও মহেশপুর উপজেলার নওদা গ্রামের বখতিয়ার হোসেন মণ্ডলের স্বামী পরিত্যক্তা মেয়েকে (২৮)। এ ব্যাপারে শৈলকুপা ও মহেশপুর থানায় পৃথক দুইটি মামলা হয়েছে। গত রোববার ঝিনাইদহ সদর হাসপাতালে ধর্ষিতাদের ডাক্তারী পরীক্ষা সম্পন্ন হয়েছে। পুলিশ জানায়, শৈলকুপা উপজেলার বিত্তিদেবী রাজনগর গ্রামের ভ্যানচালক আতিয়ার রহমানের কিশোরী মেয়েকে গত ৩১ জানুয়ারি রাতে একই গ্রামের মরহুম সৈয়েদার রহমানের ছেলে হাবিবুর রহমান ঘর থেকে তুলে নিয়ে যায়। সে তাকে পার্শ্ববর্তী কুমারখালী উপজেলার সান্দিয়াড়া গ্রামের জুয়েলের বাড়ির পার্শ্ববর্তী ক্ষেতে নিয়ে হাবিবুর ও জুয়েল উপর্যুপরি ধর্ষণ করে। ধর্ষণ শেষে তারা তাকে রাজবাড়ী জেলার জানিপুর ট্রেন স্টেশনে নিয়ে যায়। সেখান থেকে তারা তাকে ট্রেনযোগে ঢাকায় নিয়ে গিয়ে মির্জাপুর

গ্রামের সজিবের কাছ রাখে। অনেক খোঁজাখুঁজির পর অভিভাবকরা তাকে ২ ফেব্রুয়ারি ঢাকা থেকে উদ্ধার করে বাড়িতে নিয়ে আসে। অন্যদিকে মহেশপুর উপজেলার নওদা গ্রামের বখতিয়ার হোসেন মণ্ডলের স্বামী পরিত্যক্তা মেয়ে একই উপজেলার বৈচিতলা গ্রামের ফরিদ মালিথার বাড়িতে দিনমজুরের কাজ করতো। ফরিদ মালিথার ছেলে হুমা মালিথা বানেছাকে বিয়ের প্রলোভন দেখিয়ে শারীরিক সম্পর্ক গড়ে তোলে। একপর্যায়ে বানেছা গর্ভবতী হয়ে পড়ে। বর্তমানে সে ছয় মাসের অন্তঃসত্ত্বা।

গাজীপুরে ডাকাত গ্রেফতার

গাজীপুর সদর উপজেলা সংবাদদাতা

গাজীপুর সদর উপজেলার কামার জুড়ী গ্রামে গত শনিবার রাতে ডাকাতের ধারালো অস্ত্রের আঘাতে গৃহকর্তা গুরুতর আহত হয়েছে। এ ঘটনায় পুলিশ ঘটনাস্থল থেকে ৩ ডাকাতকে গ্রেফতার করেছে। পুলিশ জানায়, শনিবার রাতে ওই গ্রামের সানাউল্লাহ (৪০)-এর বাড়ীতে ১০-১৫ জনের সশস্ত্র ডাকাত দল হানা দেয়। এ সময় সানাউল্লাহর চাচা শফিউল্লাহকে ডাকাতদল ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে গুরুতর জখম করে। বাড়ীর লোকজনের ডাক-চিৎকারে আশপাশের লোকজন এগিয়ে এলে ডাকাতদল পালানোর চেষ্টা করে।

চার মাস পর লাশ উত্তোলন

সাভার (ঢাকা) উপজেলা সংবাদদাতা

সাভারের হেমায়েতপুর এলাকায় দাফনের সাড়ে ৪ মাস পর গত রোববার দুপুরে ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে কবর থেকে লাশ উত্তোলন করেছে পুলিশ। এ সময় কবরস্থানের আশপাশে শত শত এলাকাবাসী ভিড় জমায়। জমিজমা সংক্রান্ত বিরোধের জের ধরে জয়নাল আবেদিনকে (৬০) হত্যা করা হয়েছিল বলে পরিবারের অভিযোগ। মৃতের ভাই আলী হোসেন অভিযোগ করে বলেন, হেমায়েতপুরের পূর্বহাটি এলাকায় জমি নিয়ে বিরোধের জের ধরে গত বছরের ২২ সেপ্টেম্বর আলাউদ্দিন বাড়ীতে ঢুকে পরিকল্পিতভাবে জয়নাল আবেদিনকে হত্যা করে। পরে এলাকাবাসীর চাপের মুখে তারা লাশ দাফন করে। তিনি বলেন, এ ঘটনায় আদালতে একটি মামলা দায়ের করা হয়েছে।

নওয়াপাড়ায় শ্রমিক সংঘর্ষে আ'লীগ নেতাসহ আহত ৬ ॥ দুই ঘন্টা যান চলাচল বন্ধ

অভয়নগর (যশোর) উপজেলা সংবাদদাতা

যশোরের নওয়াপাড়ায় গত রোববার সকালে দুটি হ্যান্ডলিং শ্রমিক ইউনিয়নের প্রভাব বিস্তার করাকে কেন্দ্র করে সংঘর্ষে ৬ জন আহত হয়েছে। সংঘর্ষ চলাকালে যশোর-খুলনা মহাসড়কে দু'ঘন্টা যানবাহন চলাচল ও বাজারের দোকানপাট বন্ধ থাকে। পুলিশ ও প্রত্যক্ষদর্শি সূত্রে জানা গেছে অভয়নগর-নওয়াপাড়া পৌর হ্যান্ডলিং শ্রমিক ইউনিয়নের সহ-সম্পাদক তবিবুর রহমানকে নওয়াপাড়া রেলওয়ে হ্যান্ডলিং শ্রমিক ইউনিয়নের সমর্থকরা বেধড়ক মারপিট করে। এতে তিনি মারাত্মক আহত হন। এই খবর মুহূর্তের মধ্যে ছড়িয়ে পড়লে তার সংগঠনের শ্রমিকরা সকল ঘাটের কাজ বন্ধ রেখে নওয়াপাড়া বাজারে প্রতিবাদ মিছিল বের করে। মিছিলটি স্টেশন বাজারে পৌঁছালে গোল্ডেন গলি থেকে মিছিলকারীদের লক্ষ্য করে ইট-পাটকেল নিক্ষেপ করা হয়। এ সময় দু'গ্রুপের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া ও সংঘর্ষ শুরু হয়। মিছিলকারীরা নওয়াপাড়া রেলওয়ে হ্যান্ডলিং শ্রমিক ইউনিয়নের সহ-সভাপতি, নওয়াপাড়া পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শেখ আবদুল ওয়াদুদ ও তার ছেলে সুমনকে বেধড়ক মারপিট করে মারাত্মক আহত করে। এছাড়াও শ্রমিক নেতা কামরুল ইসলাম, ইকরাম ও ফারাজীসহ ৬ জন আহত হয়। গুরুতর আহত অবস্থায় শেখ আবদুল ওয়াদুদ ও তার ছেলে সুমনকে

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এ সময় যশোর-খুলনা মহাসড়কে সকাল ১১টা থেকে ১টা পর্যন্ত যান চলাচল বন্ধ থাকার পর পুলিশ এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

রামুতে কিশোরকে জবাই করে টাকা নিয়ে পালানোর সময় রিক্সাচালক আটক

রামু (কক্সবাজার) উপজেলা সংবাদদাতা

কক্সবাজারের রামু উপজেলার জোয়ারিয়ানালা ইউনিয়নে শহীদুল ইসলাম নামের এক কিশোরকে জবাই করে ৫৪ হাজার টাকা ছিনতাই করে পালানোর সময় পুলিশের হাতে ধরা পড়েছে হত্যাকারী রিক্সাচালক। গত শনিবার রাত ৮ টায় ইউনিয়নের নন্দাখালী বড় পাড়ায় এ হত্যাকাণ্ড ঘটে। খবর পেয়ে রামু থানা পুলিশ ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে। নিহত শহীদুল ইসলাম জোয়ারিয়ানালা ইলিশিয়া পাড়ার নুরুল ইসলামের ছেলে। হত্যাকারী রিক্সাচালক আবুল কাশেম (৩০) ওই এলাকার মশরফ আলীর ছেলে। জানা গেছে, আবুল কাশেমের রিক্সা নিয়ে নন্দাখালী যাওয়ার পথে নির্জন স্থানে পৌঁছলে ৫৪ হাজার টাকা ছিনতাইয়ের উদ্দেশ্যে সে শহীদুল ইসলাম কে ছুরি দিয়ে জবাই করে। হত্যাকাণ্ডের পর পালিয়ে যাওয়ার সময় স্থানীয় জনতা তাকে আটক করে পুলিশে সোপর্দ করে। পরে পুলিশ তার কাছ থেকে ৫৪ হাজার টাকা উদ্ধার করে এবং সে পুলিশের কাছে হত্যার কথা স্বীকার করে। লোমহর্ষক এ ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। রামু থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ শাহজাহান বলেন, রিক্সাচালক একাই টাকার লোভে এ হত্যাকাণ্ড ঘটায়। এ ঘটনায় নিহত শহীদুল ইসলামের পিতা নুরুল ইসলাম বাদী হয়ে মামলা দায়ের করেছেন।

সাজেক সড়ক ২১ দিন ধরে অবরুদ্ধ

রাঙ্গামাটি জেলা সংবাদদাতা

রাঙ্গামাটির বাঘাইছড়ি উপজেলার বাঘাইহাট সাজেক সড়ক গত ২১ দিন ধরে অবরুদ্ধ হয়ে আছে। এছাড়া বাঘাইহাট বাজার বয়কট অব্যাহত থাকায় এলাকার পরিস্থিতি দিন-দিন অবনতি ঘটছে। ভূমি বিরোধকে কেন্দ্র করে সৃষ্ট জটিলতা নিরসন না হওয়ায় বাঘাইহাট গঙ্গারামমুখ, পূর্ব বালুঘাট এলাকায় প্রায় ৭ হাজার মানুষ চরম আতংকে দিন যাপন করছে। সড়ক অবরোধ থাকায় এবং বাজার বয়কটের কারণে এলাকার নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্য পেতে মানুষকে হিমশিম খেতে হচ্ছে। স্থানীয় উপজাতীয় ও বাঙালিরা নিজেদের ওপর প্রতিপক্ষের আক্রমণ হতে পারে– এ আশংকায় স্ব স্ব গ্রামে দিনে-রাতে পাহারা বসিয়েছে। স্থানীয় বাসিন্দারা জানিয়েছে, গত ২০ দিন ধরে বাঘাইহাট ও সাজেক সড়ক অবরোধ থাকায় এলাকায় পণ্য পরিবহন বন্ধ হয়ে গেছে। স্থানীয় উৎপাদিত আদা, হলুদ, পরিবহন করতে না পারায় অনেক কৃষকের উৎপাদিত এ ফসল নষ্ট হয়ে যাচ্ছে। অন্যদিকে উপজাতীয়রা বাঘাইহাট বাজার বর্জন করায় বাজারের ব্যবসা পরিস্থিতি নাজুক হয়ে ওঠেছে। বাঘাইছড়ির স্থানীয় প্রশাসন বাঘাইহাটের সৃষ্ট ঘটনায় উত্তেজনা নিরসনে নানা প্রতিশ্রুতি দিয়ে প্রাথমিকভাবে সফল হলেও এলাকার অবরোধ ও বাজার পরিস্থিতি স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনতে এখনো কোন কার্যকর পদক্ষেপ নিতে পারেনি।

সুনামগঞ্জে শিক্ষকের মালামাল ছিনতাই ও মারধরের প্রতিবাদে ছাত্রীদের বিক্ষোভ

সুনামগঞ্জ জেলা সংবাদদাতা

স্কুল শিক্ষকের মালামাল ছিনতাই, মারপিট ও মোবাইল ফোনে হত্যার হুমকির প্রতিবাদে সুনামগঞ্জ সরকারী এস সি বালিকা বিদ্যালয়ের ছাত্রীরা গত রবিবার দুপুরে এক বিক্ষোভ মিছিল বের করেছে। মিছিলটি স্কুল ক্যাম্পাস থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে। পরে ছাত্রীরা স্থানীয় ট্রাফিক পয়েন্টে এক পথসভায় ১২ ঘন্টার মধ্যে ছিনতাইকারীদের গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবী করে। অন্যথায় তারা লাগাতার ক্লাস বর্জনের ঘোষণা দেয়। তাদের দাবীর সাথে একাত্মতা পোষণ করে বক্তব্য রাখেন সুনামগঞ্জ পৌরসভার ভারপ্রাপ্ত মেয়র নুরুল ইসলাম বজলু, সুনামগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি খায়রুল হুদা চপল, সুনামগঞ্জ প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক প্রভাষক শেরগুল আহমদ প্রমুখ। উল্লেখ্য, গত শুক্রবার রাত পৌনে ১২টায় হাছননগর এলাকা থেকে ছিনতাইকারীরা ওই বিদ্যালয়ের সহকারী ইংরেজী শিক্ষক অসীম চন্দ্র বর্মণকে ধরে হাওরের মধ্যে নিয়ে যায়। ছিনতাইকারীরা তার মুখ ও হাত-পা বেঁধে বেধড়ক মারপিট করে। এ সময় তার সঙ্গে থাকা একটি মোবাইল ফোন, ক্যামেরা, স্বর্ণালঙ্কার ও নগদ টাকাসহ প্রায় ৩৫ হাজার টাকা ছিনিয়ে নিয়ে যায়। এ ঘটনা নিয়ে বাড়াবাড়ি করলে তাকে প্রাণে হত্যার হুমকি ও ভয়ভীতি প্রদর্শন করে।

সুন্দরবনে কাঠ কাটার সময় বাঘের আক্রমণে নিহত ১

কালিগঞ্জ (সাতক্ষীরা) উপজেলা সংবাদদাতা

গহীন সুন্দরবনে চুরি করে কাঠ কাটার সময় বাঘের আক্রমণে এক ব্যক্তি নিহত হয়েছে। গত রোববার সকালে খোলপেটুয়া নদীর বড়কাইনমারী এলাকায় এ ঘটনা ঘটে। শ্যামনগর উপজেলার বুড়িগোয়ালিনী গ্রামের মোসলেম সরদারের ছেলে মাসুদ সরদার (৪৬) সুন্দরবনের বড়কাইনমারী এলাকায় কাঠ চুরি করছিল। এ সময় বাঘ তাকে আক্রমণ করে বনের ভেতর নিয়ে যায়। বিকাল ৫টায় বন বিভাগের সহযোগিতায় মাসুদ সরদারের ক্ষত-বিক্ষত লাশ উদ্ধার করা হয়। বুড়িগোয়ালিনী এসিএফ রাজেশ চাকমা এ ঘটনার সত্যতা স্বীকার করেছেন। একই দিনে উপজেলার পাখিমারা গ্রামের মৃত খাদেম গাজীর ছেলে মালেক গাজী (৩৩) তার সাথীদের সাথে বৈধ পাস নিয়ে সুন্দরবনে গোলপাতা কাটতে যায়। সুন্দরবনের গহীনে কলাগাছিয়া এলাকায় গোলপাতা কাটার সময় সকাল ১০টার সময় তাকে বাঘে ধরে।

শরীয়তপুর আশ্রয় কেন্দ্র নির্মাণ শুরু

শরীয়তপুর জেলা সংবাদদাতা

শরীয়তপুর জেলার পদ্মা তীরবর্তী জনগণকে বন্যা ও দুর্যোগের হাত থেকে রক্ষার জন্য ত্রাণ ও পুনর্বাসন অধিদপ্তরের অর্থায়নে প্রায় ৪৮ লাখ টাকা ব্যয়ে একটি বন্যা আশ্রয় কেন্দ্র নির্মাণ কাজ শুরু হয়েছে। গত শনিবার সকালে উত্তর তারাবুনিয়া ইউনিয়ন পরিষদ মাঠে নির্মাণাধীন আশ্রয় কেন্দ্র নির্মাণ কাজের উদ্বোধন করেন উপজেলা পরিষদ চেয়ারম্যান হুমায়ুন কবির মোল্যা। এ সময় তার সাথে উপস্থিত ছিলেন সাবেক উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আনোয়ার হোসেন মাঝি, ঠিকাদারী মালিক ও ভেদরগঞ্জ উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আবদুল মান্নান বেপারী, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সবুজ কুমার গুপ্ত ও স্থানীয় ইউপি চেয়ারম্যান মোঃ সোলাইমান সরকার।

কাপ্তাইয়ে সাংবাদিক সম্মেলন

কাপ্তাই (রাঙ্গামাটি) উপজেলা সংবাদদাতা

কাপ্তাই বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউটের (বিএসপিআই) শিক্ষার্থীদের উপর জনতার ন্যাক্কারজনক হামলার প্রতিবাদে গত রোববার সকাল ১১টায় ইনস্টিটিউটে এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে ছাত্ররা ঘটনার বর্ণনা দিয়ে বলেন, এলাকার চিহ্নিত বখাটে যুবক ইলিয়াছ, আজিজ, ফয়সাল, রুবেল ও সুমনের নেতৃত্বে অজ্ঞাত যুবকরা সেদিন বিনা উস্কানিতে নিরীহ ছাত্রদের উপর হামলা চালায়। এতে

৭ জন ছাত্র আহত হয়। কিন্তু ছাত্ররা পাল্টা হামলা না করে শিক্ষক, ব্যবসায়ী, রাজনৈতিক নেতা ও পুলিশ প্রশাসনের সহযোগিতায় ঘটনার সুষ্ঠু সমাধান চায়। কিন্তু তারা এর সুষ্ঠু সমাধান ও ছাত্রদের নিরাপত্তা দিতে ব্যর্থ হয়।

বরগুনায় অগ্নিকাণ্ডে আহত ১২

বরগুনা জেলা সংবাদদাতা

বরগুনার দুটি বাজারে পৃথক পৃথক অগ্নিকাণ্ডে ২৮টি দোকান পুড়ে ছাই হয়ে গেছে। আগুন নেভাতে গিয়ে আহত হয়েছে ১২ জন। প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে ২টি অগ্নিকাণ্ডে ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় দেড় কোটি টাকা।

গত শুক্রবার গভীর রাতে বরগুনার বামনা উপজেলার ডৌয়াতলা বাজারের ২২ টি ব্যবসায়ী প্রতিষ্ঠান আগুনে পুড়ে গেছে। কালাম খলিফার কাপড়ের দোকান থেকে বৈদ্যুতিক শর্ট সার্কিটের মাধ্যমে এ অগ্নিকাণ্ডের সূত্রপাত হয়েছে বলে ক্ষতিগ্রস্তরা জানিয়েছেন। ক্ষয়ক্ষতির পরিমাণ প্রায় ১ কোটি ৩০ লাখ টাকা হবে বলে প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে। এছাড়া গত শনিবার গভীর রাতে বরগুনা সদর উপজেলার বাদামতলা বাজারে অগ্নিকাণ্ডে ৬টি দোকান পুড়ে ছাই হয়ে গেছে। ক্ষতির পরিমাণ প্রায় ২০ লক্ষাধিক টাকা। সিগারেটের আগুন থেকে অগ্নিকাণ্ডের সূত্রপাত হয় বলে জানা গেছে।